



কুমিল্লা বিশ্ববিদ্যালয়
কুমিল্লা- ৩৫০৬

স্মারক নং-কু:বি:/রেজিস্ট্রার/তথ্য প্র. ফেলোশিপ/৭৭৫/২০১৯/১৬৫২


তারিখ: ১৯/১১/২০২৪খ্রি.

“ইউজিসি স্বর্ণপদক” ২০২৩ প্রদানের জন্য শিক্ষকদের কাছ থেকে দরখাস্ত আহ্বান

এতদ্বারা কুমিল্লা বিশ্ববিদ্যালয়ে কর্মরত শিক্ষকদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সংযুক্ত নীতিমালা ও শর্তের আলোকে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক “ইউজিসি স্বর্ণপদক” ২০২৩ প্রদান করা হবে। আগ্রহী প্রার্থীগণ যাদের মৌলিক গবেষণামূলক প্রবন্ধ ও পাঠ্যপুস্তক/ গবেষণামূলক বা পর্যালোচনামূলক পুস্তক আছে এবং যারা ১ জানুয়ারি ২০২৩ থেকে ৩১ ডিসেম্বর ২০২৩ এর মধ্যে প্রকাশিত হয়েছে, তাঁদেরকে আগামী ২৪ ডিসেম্বর ২০২৪খ্রি. তারিখের মধ্যে My Gov (আমার সরকার) এ অনলাইনরে মাধ্যমে আবেদন করতে অনুরোধ করা যাচ্ছে। একই সাথে আবেদনের প্রিন্ট কপিসহ প্রকাশিত প্রবন্ধের থেকে ৬ কপি এবং পুস্তকের ক্ষেত্রে ৪ কপি হার্ডকপি যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে পরিচালক রিসার্চ সাপোর্ট এন্ড পাবলিকেশন ডিভিশন, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, আগারগাঁও ঢাকা-১২০৭, বরাবর পৌঁছাতে হবে।

বিজ্ঞপ্তি ইউজিসির ওয়েব সাইট (www.ugc.gov.bd) পাওয়া যাবে।

সংযুক্ত: “ইউজিসি স্বর্ণপদক” ২০২৩ এর নিয়মাবলী-২ (দুই) পাতা।


(মো: মজিবুর রহমান মজুমদার)
রেজিস্ট্রার
কুমিল্লা বিশ্ববিদ্যালয়
১৯/১১/২৪

প্রয়োজনীয় কার্যার্থে কপি প্রেরণ:

- ১। ডিন, বিজ্ঞান/ কলা ও মানবিক/ সামাজিক বিজ্ঞান /প্রকৌশল/ বিজনেস স্টাডিজ/ আইন অনুষদ, কু.বি.।
- ২। বিভাগীয় প্রধান, গণিত/ পদার্থবিজ্ঞান/ রসায়ন/ পরিসংখ্যান/ ফার্মেসী/ ইংরেজি/ বাংলা/ লোক প্রশাসন/ অর্থনীতি/নৃবিজ্ঞান/ প্রত্নতত্ত্ব / গণযোগাযোগ ও সাংবাদিকতা / সিএসই/ আইসিটি/ এআইএস/ মার্কেটিং/ ব্যবস্থাপনা শিক্ষা/ ফিন্যান্স এন্ড ব্যাংকিং/ আইন বিভাগ কু.বি.।
- ৩। প্রভোস্ট (কাজী নজরুল ইসলাম/শহীদ ধীরেন্দ্রনাথ দত্ত/নওয়াব ফয়জুল্লাহ চৌধুরাণী/বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান/শেখ হাসিনা) হল, কু.বি.।
- ৪। প্রক্টর, কু.বি.।
- ৫। সিনিয়র প্রোগ্রামার, আইসিটি সেল (বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে বিজ্ঞপ্তিটি প্রচারের অনুরোধসহকারে), কু.বি।
- ৬। জনসংযোগ দপ্তর (বিজ্ঞপ্তিটি প্রচার ও সংরক্ষণের অনুরোধসহকারে), কু.বি।

অনুলিপি:

- ১। পিএস টু ভিসি (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), কু:বি:।
- ২। পিএস টু প্রো-ভিসি (প্রো-ভিসি মহোদয়ের সদয় অবগতির জন্য), কু:বি:।
- ৩। পিএ টু ট্রেজারার (ট্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য), কু:বি:।
- ৪। অফিস কপি।



বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন
আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭
রিসার্চ সাপোর্ট এন্ড পাবলিকেশন ডিভিশন

167

নম্বর: ৩৭.০১.০০০০.০৭২.৪২.০১০.২৪.৩৯৪১

তারিখ: ২০ কার্তিক ১৪৩১ বঙ্গাব্দ
০৫ নভেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

বিজ্ঞপ্তি

বিষয়: ইউজিসি স্বর্ণপদক ২০২৩।

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক প্রবর্তিত ইউজিসি স্বর্ণপদক ২০২৩ প্রদানের নিমিত্ত নিম্নবর্ণিত শর্তে 'myGov (আমার সরকার) এক ঠিকানায় সকল সরকারি সেবা'-এ রেজিস্ট্রেশনপূর্বক (<https://www.mygov.bd/services/form?id=BDGS-1637554194>) দরখাস্ত আহ্বান করা যাচ্ছে-

(১) দেশের পাবলিক ও প্রাইভেট বিশ্ববিদ্যালয়ের পূর্ণকালীন শিক্ষকগণ ইউজিসি স্বর্ণপদকের জন্য আবেদন করতে পারবেন। আবেদনকারীকে অবশ্যই বাংলাদেশি নাগরিক হতে হবে;

(২) প্রকাশিত প্রবন্ধ/পুস্তক অবশ্যই ২০২৩ সালে প্রকাশিত হতে হবে। দেশি সমস্যা সম্পর্কিত এবং দেশের মধ্যে সম্পাদিত গবেষণা কর্মের প্রকাশনাকে অগ্রাধিকার দেওয়া হবে;

(৩) যেকোনো প্রবন্ধ/পুস্তক পুনর্মুদ্রিত এবং অনলাইন প্রকাশনা গ্রহণযোগ্য হবে না;

(৪) শুধুমাত্র বর্ণনা ও জরিপমূলক, অনুবাদ বা সম্পাদনাকর্ম এবং Review Article, ইন্সটিটিউট, একাডেমি, সোসাইটি, সমিতি কর্তৃক পত্রিকায়/সুভেনির-এ প্রকাশিত পর্যালোচনামূলক প্রবন্ধ/পুস্তক স্বর্ণপদকের জন্য বিবেচিত হবে না। এছাড়া ডিগ্রি অর্জনের জন্য গবেষণাকর্মের ভিত্তিতে রচিত প্রবন্ধ/পুস্তকও ইউজিসি স্বর্ণপদকের জন্য বিবেচিত হবে না;

(৫) চারুকলার ক্ষেত্রে আবেদনকারীকে বিগত ৫ (পাঁচ) বছরের প্রকাশনা, প্রদর্শনীর সিডি ও ক্যাটালগ এবং স্বাগতের ক্ষেত্রে আবেদনকারীকে বিগত ৫ (পাঁচ) বছরের পোর্টফলিও আবেদনপত্রের সাথে জমা দিতে হবে;

(৬) আবেদনকারীকে আবেদন করার সময় অনধিক ২০০ (দুইশত) শব্দের মধ্যে একাডেমিক কার্যক্রমের উপর গুরুত্বারোপ করে জীবন-বৃত্তান্তের হার্ডকপি, সদ্য তোলা পাসপোর্ট সাইজের ৩ (তিন) কপি রজিন ছবি এবং বিগত ৫ (পাঁচ) বছরের প্রকাশনার তালিকা (যদি থাকে) যথাযথ রেফারেন্সসহ আবেদনপত্রের সাথে জমা দিতে হবে;

(৭) যৌথ/একাধিক প্রকাশনার ক্ষেত্রে Corresponding Author/First Author/Last Author সকল Co-author-দের সম্মতিপত্রসহ আবেদন করতে পারবেন। তবে পুস্তকের ক্ষেত্রে লেখকদের যৌথভাবে আবেদন করতে হবে;

(৮) একজন আবেদনকারী একই শাখায় একের অধিক আবেদন করতে পারবেন না। কোনো শাখায় একের অধিক আবেদন করলে ঐ শাখার সকল আবেদন বাতিল বলে গণ্য হবে;

(৯) আগামী ২৪ ডিসেম্বর ২০২৪ তারিখের মধ্যে 'myGov (আমার সরকার) এক ঠিকানায় সকল সরকারি সেবা'-এ অনলাইনে আবেদন করতে হবে এবং একইসাথে আবেদনের প্রিন্ট কপিসহ প্রকাশিত প্রবন্ধের ক্ষেত্রে ৬ কপি এবং পুস্তকের ক্ষেত্রে ৪ কপি হার্ডকপি যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে পরিচালক, রিসার্চ সাপোর্ট এন্ড পাবলিকেশন ডিভিশন, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭ বরাবর পৌছাতে হবে;